মুজিবনগরে নানা আয়োজনে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্যদিয়ে বিশ্ব ডায়াবেটিস দিবস পালিত হয়েছে। গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে ১১ দিকে বল্লভপুর প্রজেক্ট অফাস চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে কার্যালয় প্রাঙ্গণে এসে শেষ হয়।

র্যালী শেষে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়। গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভোব দেওয়ানের সভাপতিত্বে বিশ্ব ডায়াবেটিস দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান।

আলোচনা সভায় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় উপস্হিত ছিলেন, গুডনেইবারর্স এর আবাসিক মেডিকেল অফিসার শুভ কুমার মজুমদার,হেলথ অফিসার, আহসানুল হক, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির কর্মকর্তা কর্মচারি,পন্সর শিশুদের পিতামাতা সহ কমিউনিটির মহিলারা।

মুজিবনগরে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত

মুজিবনগরে দারিদ্র দূরীকরণের লক্ষে দরিদ্র্য পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচীর আওতায় স্বাস্থ্য ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) আয়োজনে আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার মোনাখালী কমিউনিটি ক্লিনিক প্রাঙ্গনে তৃণমূল দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে এই স্বাস্থ্য ক্যাম্প পরিচালিত হয়।

স্বাস্থ্য ক্যাম্পে বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা মেডিসিন, গাইনী ও চক্ষু চিকিৎসা সেবা প্রদান করা হয়।

স্বাস্থ্য সেবা প্রদান করেন পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির মেডিকেল অফিসার ডঃ তৌকিক আহমেদ, এছাড়াও একজন গাইনি স্পেশালিস্ট ও একজন চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার চিকিৎসা সেবা প্রদান করে।

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির আয়োজনে, স্বাস্থ্য সেবা ক্যাম্পে উপস্থিত ছিলেন, পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির মোনাখালী শাখার সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোহাম্মদ হাসানুজ্জামান।

এছাড়াও স্বাস্থ্য ক্যাম্পে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির স্বাস্থ্য কর্মকর্তা, সমাজ উন্নয়নকর্মকর্তা ও স্বাস্থ্য পরিদর্শক বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে উপজেলা জামায়াতের আমিরসহ গ্রেফতার ৫

মুজিবনগরে বিশেষ অভিযান পরিচালনা করে নাশকতা মামলার আসামি মুজিবনগর উপজেলা জামায়াতের আমির খানজাহান আলী সহ ৫ জামায়াত নেতাকর্মীকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

রবিবার উপজেলার বিভিন্ন স্হানে অভিযান পরিচালনা করে উপজেলা জামায়াতের আমির বিশ্বনাথপুর গ্রামের মোজাম্মেল হক এর ছেলে খান জাহান আলী (৪৫),মোনাখালী ইউনিয়ন জামায়াতের ৫ নম্বর ওয়ার্ড সেক্রেটারি শিবপুর গ্রামের ছামছার শেখের ছেলে আসাদুল হক, (৫০), দারিয়াপুর ইউনিয়ন জামায়াতের ৯ নম্বর ওয়ার্ডের শ্রমিক কল্যাণ

সভাপতি গৌরিনগর গ্রামের মৃত আপে মন্ডলের ছেলে আব্দুল (৫৭)ও মফেল শেখ এর ছেলে ফরিদুল ইসলাম,এবং আজিজুল হক এর ছেলে নূর মোহাম্মদ (৫৫)কে গ্রেফতার করে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, উপজেলার পৃথক পৃথক স্থানে অভিযান পরিচালনা করে নাশকতা মামলার আসামি উপজেলা জামায়াতের আমিরসহ ৫ জামায়াত নেতাকর্মীকে গ্রেফতার করে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে ।

মুজিবনগরে পলাশীপাড়ার ২ দিন ব্যাপি প্রশিক্ষণ শেষ, সনদ বিতরণ

মুজিবনগরে “দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ” কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষন কর্মশালা শেষে সদন বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার দুপুরে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)এর অর্থায়নে এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর বাস্তবায়নে, সমিতির মুজিবনগর উপজেলার মোনাখালি অফিস হল রুমে এ প্রশিক্ষন ও সনদ বিতরণ অনুষ্ঠিত হয়।

সনদ বিতরণ অনুষ্ঠানে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর মোনাখালি ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দীন। এছাড়াও উপস্হিত ছিলেন, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)এর সমাজ উন্নয়ন কর্মকর্তা রহিম আক্তার সাগর।

“দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবার সমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) কর্মসূচী” ‘উন্নয়নে যুব সমাজ”

কার্যক্রমের আওতায় ‘স্বপ্ন আমার উদ্যোক্তা হবো’ শীর্ষক ভিডিও ভিত্তিক প্রশিক্ষনের আওতায় ২০০ জনকে প্রশিক্ষন দেওয়া হবে।

এ পর্যন্ত ৪ ধাপে ২৫ জন করে ১০০ জনকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে বলে জানান ব্রাঞ্চ ম্যানেজার মোহাম্মদ হাসানুজ্জামান।

মুজিবনগরে জেল হত্যা দিবসে স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ

মুজিবনগরে ৩রা নভেম্বর জেল হত্যা দিবস উপলক্ষে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনকরে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন উপজেলা যুবমহিলালীগ ও উপজেলা স্বেচ্ছাসেবকলীগ।

দিবসটি উপলক্ষে শুক্রবার সকালে দিবসটি উপলক্ষে উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন ও সাধারণ সম্পাদক তহমিনা খাতুনের নেতৃত্বে যুব মহিলা লীগ এবং উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন এবং সদস্য সচিব আইয়ুব হোসেনের নেতৃত্বে স্বেচ্ছাসেবকলীগ মুজিবনগর স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে।

পরে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় ১ মিনিট নিরবতা পালন এবং দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগ নেতা শাহ ওয়ালিউল্লাহ সোহাগ, আওয়ামী লীগ নেতা হাসানুজ্জামান লালটু, জহির উদ্দিন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ইশতিয়াক আহমেদ, সাধারণ সম্পাদক সোহাগ, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহজাহান সিরাজ দোলন, সম্পাদক লিংকন, মোনাখালী ইউনিয়ন

স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আবু নাঈম ডালিম, সম্পাদক আলাউদ্দিনসহ যুব মহিলা লীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীবৃন্দ।

মুজিবনগরে জেল হত্যা দিবস পালন

৩ রা নভেম্বর স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ট সহচর মুক্তিযুদ্ধের সংগঠক জাতীয় চার নেতার জেল হত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

শুক্রবার বিকেলে উপজেলার কেদারগঞ্জ বাজারে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন,
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম ইসলাম খোকন কমান্ডার, জেলা মৎস্য লীগের সাধারণ সম্পাদক আসকার আলী, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা ইয়াং বাংলার যুগ্ন আহবায়ক, যুবলীগ নেতা হাসানুজ্জামান লাল্টু, বাগোয়ান ইউনিয়ন ৫ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ওয়ার্ড সদস্য রকিব উদ্দিন, ৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক আঃ সামাদ।

এসময় আরো উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সকল ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক, সহযোগী ও অঙ্গ সংগঠনের নেতাকর্মী বৃন্দ। আলোচনা সভা ও দোয়া মাহফিলের সার্বিক সঞ্চালনায় ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন।

৩রা নভেম্বর জাতীয় ৪ নেতা সহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

মুজিবনগরে বিজন হত্যাকান্ডে জড়িত ৩ আসামিকে কারাগারে প্রেরণ

ইজিবাইক চালক বিজন মোল্লা হত্যাকান্ডে জড়িত সন্দেহে আটক ৩ জনকে আদালতে প্রেরণ করেছে পুলিশ। আদালত জবানবন্দী গ্রহন করে তাদের কারাগারে প্রেরণের করে।

আজ বুধবার (১লা নভেম্বর) দুপুরে মুজিবনগর থানা থেকে তাদের আদালতে প্রেরণ করা হয়। তারা হত্যাকাণ্ডে সম্পৃক্ততার স্বীকারোক্তিমূলক জবানবন্দী দেয়ার পর তাদের কারাগারে প্রেরণের নির্দেশ দেন।

এর আগে মেহেরপুর জেলা গয়েন্দা পুলিশ ও মুজিবনগর থানা পুলিশের সমন্বিত একটি দল হত্যাকাণ্ডে সম্প্রিক্ততার প্রাথমিক তথ্যপ্রমাণ পেয়ে প্রযুক্তি ব্যবহার করে ঢাকার মিরপুর থেকে গত ৩০ অক্টোবর দিবাগত রাতে আসামী সোহেল রানা(৩৮),শাকিল শেখ(২৪) ও ডালিম(২০) কে গ্রেফতার করে মেহেরপুর নিয়ে আসে।

উল্লেখ্য গত ২৯ অক্টোবর রবিবার রাতে মোনাখালী ইউনিয়নের মুড়িতলা মাঠ থেকে ইজিবাইক চালক বিজনের (২৬) অরর্ধগলিত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। লাশ উদ্ধারের পর পরিবারের অভিযোগের ২৪ ঘন্টার মধ্যে জেলা পুলিশ আসামীদের সনাক্ত ও আটক করতে সক্ষম হয়।

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল বলেন, আটককৃত আসামীরা হত্যাকান্ডের সম্পৃক্ততার কথা স্বাকীর করেছে। তাদের আদালতে প্রেরণ করলে আদালতের বিচারক আসামীদের কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

মুজিবনগরের মোনাখালীতে জাতীয় যুব দিবস পালিত

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর উদ্যোগে ও পল্লী কর্ম- সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে মোনাখালী ইউনিয়নে জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলক্ষে আলোচনা সভা করা হয়েছে।

আজ বুধবার (০১ নভেম্বর) মোনাখালী সমৃদ্ধি শাখা অফিসে জাতীয় যুব দিবস-২০২৩ পালন উপলেক্ষ আলোচনা সভা করা হয়।

উক্ত আলোচনা সভা উপস্থিত ছিলেন মোনাখালী সমৃদ্ধি শাখার কর্মসূচী সমন্বয়কারী মোহাঃ হাসানুজ্জামান, ইউনিয়ন যুব কমিটির সভাপতি আক্তারুজ্জামান, ইউনিয়ন প্রবীন কমিটির সভাপতি আব্দুল মান্নান, বীর মুক্তিযোদ্ধা আমজাদ হোসেন এছাড়াও উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচীর স্বাস্থ্য কর্মকর্তাগন, সমাজ উন্নয়ন কর্মকর্তা এবং উক্ত ইউনিয়নের যুবগণ।

উক্ত আলোচনা সভায় মোনাখালী ইউনিয়নের যুবদের উদ্যোক্তা হয়ে বাংলাদেশ গড়ার জন্য করণীয় বিষয়ে ২ দিন ব্যাপী মোট ২০০ জন যুবকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী যুব গড়ার উদ্দ্যোগ গ্রহন করা হয়।

মুজিবনগরে ডেন্টাল স্বাস্থ্যসেবা কর্মসূচি ক্যাম্পেইন অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, কমিউনিটির সুবিধাবঞ্চিত মানুষ বিশেষ করে মহিলা ও বাচ্চাদের দাঁতের রোগের চিকিৎসা এবং ডেন্টাল স্বাস্থ্যসেবা কর্মসূচির ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে গুডনেইবারর্স এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

দিন ব্যাপী কমিউনিটির সুবিধাবঞ্চিত মহিলা ও শিশুদের দাঁতের বিভিন্ন রোগের চিকিৎসা দেন মো: কামরুল হাসান রিদয় (বিডিএস, পিজিটি- রাজশাহী)

এ সময় সিডিপি ম্যানেজারঃ বিভব দেওয়ান গুড নেইবারস বাংলাদেশ এর মেডিকেল অফিসার শুভ কুমার মজুমদার হেলথ অফিসার আহসানুল হক উপস্হিত ছিলেন।

মুজিবনগরে মহিলা জামায়াতের ৫ কর্মী আটক

মুজিবনগরে সরকার বিরোধী গোপন বৈঠক ও নাশকতার পরিকল্পনা করাকালীন সময়ে জিহাদী বইসহ জামায়াতের ৫ নারী নেতা-কর্মীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে বৃহস্পতিবার (২৬ অক্টোবর) বেলা সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মন্ডল পাড়ার মৃত লুৎফর ময়রার ছেলে আশাদুল ময়রার বাড়িতে গোপন সংবাদ এর ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকরা হলেন,উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের তাছাবউদ্দীন এর স্ত্রী কহিনুর বেগম (৪৫), আরিফুল ইসলামের স্ত্রী শারমিনা খাতুন (২২), আবু বক্কর এর স্ত্রী রওশনারা খাতুন (৪৬), জুলফিকার আলী ভুট্টোর স্ত্রী পারভিনা খাতুন (৩৪) এবং আশাদুল হক এর স্ত্রী সখিসোনা (৪০)।

এসময় তাদের কাছ আল্লহর পথে জিহাদ, মুসলমানদের দৈনন্দিন জীবন, ইসলাম ও জাহিলিয়াতের চিরন্তন দ্বন্দ্ব, আখিরাতের প্রস্তুতি, আল্লাহর নৈকট্য লাভের উপায়, ঈমানের হকিকত, আমিরে জামায়াতের

আহবান, সফল জীবনের পরিচয়, পর্দার বিধান, আল্লাহর আইন ও সৎ লোকের শাসন, বাংলাদেশ জামাত ইসলামের আমির ডা: শফিকুর রহমানের বক্তব্য, তাফহীমুল কুরআন, সহ ১৮ টি বিভিন্ন বই জব্দ করা হয়।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বলেন, আটক জামায়াতের নারী নেতা কর্মীরা সরকারেরর বিরুদ্ধে বিদ্বেষ বিতৃষ্ণা ও মিথ্যা রটনা ছড়িয়ে নাশকতকা সৃষ্টিসহ জনগণের মধ্যে আতঙ্ক সৃষ্টির মাধ্যমে আইনশৃঙ্খলার অবনতি করার লক্ষে ১৪/১৫ জন নারী সরকার বিরোধী সন্ত্রাস ও নাশকতা কার্যকলাপ করার উদ্যেশ্যে পরিকল্পনা ও গোপন মিটিং করছিল। এমন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়।

আটকদের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে মামলা করা হয়েছে। মামলায় এজাহার নামীয় ৫ জন ও অজ্ঞাতনামা আরো ১৪/১৫। জনকে আসামি করা হয়েছে। আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণের প্রস্তুতি চলছে বলে জানান ওসি মেহেদী রাসেল।